# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২২৪

১/ বিবিধ

আরবী

عند كل ختمة للقرآن دعوة مستجابة

موضوع

رواه أبو الفرج الإسفراييني في " جزء أحاديث يغنم بن سالم " (27/1) وأبو نعيم في " الحلية " (7/260) عن يحيى بن هاشم قال: حدثنا مسعر بن كدام عن قتادة عن أنس مرفوعا.

ومن هذا الوجه رواه ابن عساكر (5/49/1) . وقال أبو نعيم

لا أعلم رواه عن مسعر غير يحيى بن هاشم

قلت: وهو السمسار كذاب يضع الحديث. وقد ساق له الذهبي في " الميزان أحاديث هذا أحدها، وقال

إنها من بلاياه

ومع هذا فقد سود به السيوطي " الجامع الصغير " وتعقبه المناوي بنحوما ذكرنا

বাংলা

১২২৪। প্রতিবার কুরআন খতমের সময় দুআ গৃহীত হয়।

হাদীসটি বানোয়াট।

হাদীসটি আবুল ফারাজ ইসফারাঈনী "জুযউ আহাদীসে ইয়াগনাম ইবনে সালেম" গ্রন্থে (১/২৭) ও আবু নুয়াইম "আল-হিলইয়াহ" গ্রন্থে (৭/২৬০) ইয়াহইয়া ইবনু হাশেম হতে, তিনি মিস'য়ার ইবনু কিদাম হতে, তিনি কাতাদাহ

হতে, তিনি আনাস (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

এ সূত্রেই ইবনু আসাকির (৫/৪৯/১) বর্ণনা করেছেন। আবু নুয়াইম বলেনঃ মিস'য়ার হতে ইয়াহইয়া ইবনু হাশেম ব্যতীত অন্য কেউ বর্ণনা করেছেন বলে জানিনা।

আমি (আলবানী) বলছিঃ তিনি একজন দালাল, মিথ্যুক, হাদীস জালকারী। হাফিয যাহাবী "আল-মীযান" গ্রন্থে তার কতিপয় হাদীস উল্লেখ করেছেন, এটি সেগুলোর একটি। অতঃপর তিনি বলেছেনঃ এ হাদীসগুলো তার বিপদসমূহের অন্তর্ভুক্ত।

তা সত্ত্বেও ইমাম সুয়ূতী “আল-জামেউস সাগীর” গ্রন্থে হাদীসটি উল্লেখ করে গ্রন্থটিকে কালিমাযুক্ত করেছেন। এ কারণে মানবী উপরোক্ত ব্যাখ্যার দ্বারা তার সমালোচনা করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72103

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন